দৈনিক ইত্তেফাক

25 MAR 2003
২.৪. ৩

# ভিসির বাসভবনে রহস্যময় বিস্ফোরণের আওয়াজ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল সোমবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এসএমএ ফায়েজের বাসভবনের সামনে দুটি বিস্ফোরণের বিকট আওয়াজ পাওয়া গিয়েছে। বিষয়টি নিয়ে রহস্যের সৃষ্টি হয়েছে। জানা যায় রাত ৮টায় বাসভবনের পশ্চিম পার্শ্বে পরপর দুটি বিকট আওয়াজ পাওয়া যায়। এ সময় ভিসির বাসভবনের দারোয়ানসহ অন্যরা ধোঁয়া দেখতে পায়। রাতে প্রক্টর এবং অসংখ্য পুলিশ ভিসির বাসভবনের ভিতরে এবং বাইরে ব্যাপক খোঁজাখুঁজি করেও কোন আলামত উদ্ধার করতে পারেনি। বিস্ফোরণের আওয়াজের সময় ভিসি বাসায় ছিলেন না। এ ব্যাপারে ভিসি বলেন, বাসার সকলেই দুটি বিকট আওয়াজ শুনেছে এবং ধোঁয়াও দেখতে পেয়েছে।

## নিউ মার্কেট কাঁচা বাজারে বোমাবাজি

গতকাল সোমবার রাত পৌনে ৯টায় নিউ মার্কেট কাঁচা বাজার এলাকায় হঠাৎ একটি বোমা বিস্ফোরিত হলে আল আমিন (২১) নামে এক যুবক আহত হয়। বোমা তার পায়ে লাগে। তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। কিছুদিন আগে নিউ মার্কেট কাঁচা বাজারে জহির নামে একজনকে হত্যা করা হয়। ধারণা করা হচ্ছে এর জের হিসাবে গতকাল বোমার বিস্ফোরণ ঘটানো হয়েছে।